JUSTICE AGENDA
NO TIME TO WAIT

অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 2/6/2019 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

যদি আপনি দেখে না থাকেন: নিউ ইয়র্ক টাইমসে গভর্নর কুওমোর সম্পাদকীয় পৃষ্ঠার বিপরীতের পৃষ্ঠায় লেখা: ট্রাম্পের গর্ভপাতের অধিকারের উপর আক্রমণ অবশ্যই প্রত্যাখান করতে হবে

"শ্রী ট্রাম্প এবং ক্যাথলিক চার্চ রিপ্রোডাকটিভ হেল্থ অ্যাক্টের (Reproductive Health Act) মত স্টেট অ্যাকশনের বিরোধি - যদিও তারা বড় জোর বিদ্যমান ফেডারেল আইন এবং দৃঢ়ভাবে প্রতিষ্ঠিত অভ্যাসগুলি বিধিবদ্ধ করেন। কিন্তু এই আপত্তিগুলি সেই বিরল ক্ষেত্রের জন্য নয় যখন একজন মহিলার গর্ভপাত করছেন তার স্বাস্থ্য ও জীবন সুরক্ষিত রাখার জন্য। এটি শ্রী ট্রাম্প এবং তার ডানপন্থী মিত্রদের গর্ভপাতকে সম্পূর্ণভাবে বেআইনি ঘোষণা করে দেবার আকাঙ্খা সম্বন্ধে। এটি আমেরিকাকে প্রাক-রো সময়ে ফিরিয়ে নিয়ে যাওয়া সম্বন্ধে।"

নিউ ইয়র্ক টাইমস আজ গভর্নর অ্যান্ড্রু এম. কুওমোর একটি লেখা প্রকাশ করেছে সম্পাদকীয়ের বিপরীত পৃষ্ঠায় প্রেসিডেন্ট ট্রাম্পের নিউ ইয়র্কের মহিলাদের প্রজনন সংক্রান্ত অধিকারের আইনকে আক্রমণ করার প্রতিক্রিয়াস্বরূপ এবং তার স্টেট অফ দ্য ইউনিয়ন (State of the Union) বক্তৃতায় প্রস্তাব করেন রো বনাম ওয়েডের প্রদান করা সুরক্ষাগুলিকে বেআইনি ঘোষণা করার। গত মাসে, গভর্নর কুওমো রিপ্রোডাকটিভ হেল্থ অ্যাক্ট স্বাক্ষর করেন যাতে রো বনাম কুওমোর সুরক্ষাগুলি বিধিবদ্ধ করে আইন রূপে প্রবর্তন করা হয় নিউ ইয়র্ক স্টেটে। অপ-এডের লেখাটি নিচে উপলব্ধ অনলাইন এখানে।

মঙ্গলবার রাতে তার স্টেট অফ দ্য ইউনিয়ন বক্তৃতায় রাষ্ট্রপতি ট্রাম্প সেই আইনটিকে আক্রমণ করেছিলেন যা নিউইয়র্কে গত মাসে পাশ করা হয় এবং যা একজন মহিলার গর্ভপাতের অধিকারকে বিধিবদ্ধ করে, এবং তিনি প্রস্তাব রাখেন ফেডারেল আইন প্রবর্তনের যা 1973 সালে রো বনাম ওয়েড সিদ্ধান্তের দ্বারা প্রদান করা সুরক্ষাগুলি অপসারণ করে। রাষ্ট্রপতির এই সমালোচনা সুদুর-ডানপন্থীদের মহিলাদের সাংবিধানিক অধিকারের উপর আক্রমণের অংশ।

এটা মনে করা লাভজনক হতে পারে যে 1999 সালে, তার রাষ্ট্রপতির পদের জন্য প্রচেষ্টার অনেক আগে, শ্রী ট্রাম্প নিজেকে বর্ণনা করেছিলেন "প্রবলভাবে পছন্দের পক্ষে" হিসেবে। আজ তিনি দাবি করেন যে তিনি পছন্দ-বিরোধী, এবং তিনি লজ্জাহীনভাবে ধর্মীয় অধিকারের জন্য দরবার করেন ভোট জেতার জন্য।

আজকের রাজনৈতিক বক্তৃতার বড় বেশি অংশ চরম প্রকৃতির। কিন্তু আবেগ বিশেষ করে খুব বেড়ে ওঠে যখন রাজনীতি এবং ধর্ম পরস্পরকে ছেদ করে - যেমন হলো মহিলাদের পছন্দ করার অধিকার নিয়ে বিতর্কে। রোমান ক্যাথলিক হিসেবে, আমি গির্জার কঠোর দৃষ্টিভঙ্গির সাথে অন্তরঙ্গভাবে পরিচিত। তাও, আমি মনে করি না যে রাজনৈতিক অবস্থান ধর্মীয় মূল্যবোধ দ্বারা চালিত হওয়া উচিত।

আমি রিপ্রোডাক্টিভ হেল্থ অ্যাক্ট স্বাক্ষর করে আইনরূপে প্রবর্তন করেছি প্রজাতন্ত্রীদের সুপ্রিম কোর্ট চরম রক্ষনশীলদের দিয়ে ভর্তি করে দেওয়ার প্রচেষ্টা থেকে সুরক্ষিত করতে যাতে রো বনাম ওয়েড দ্বারা স্বীকৃত সাংবিধানিক সুরক্ষাগুলি বাতিল করা যায়।

সুপ্রিম কোর্ট একাধিক সিদ্ধান্তে বারম্বার রোকে পুন:নিশ্চিত করেছে, সম্প্রতি 2016 সালেও, এবং গণতন্ত্রী এবং প্রজাতন্ত্রী উভয় রাষ্ট্রপতিদের দ্বারা নির্বাচিত বিচারকরা এর সমর্থন করেছেন। কার্যত, রো এর সিদ্ধান্ত নেওয়া হয়েছিল যখন প্রজাতান্ত্রিক নিয়ন্ত্রণ ছিল হোয়াইট হাউজে, ওয়ারেন বার্গার নামে একজন প্রধান বিচারপতির অধীনে, যাকে রিচার্ড নিক্সন মনোনীত করেন। সিদ্ধান্তটির লেখক ছিলেন আরেকজন নিক্সন বিচারপতি, হ্যারি ব্ল্যাকমুন।

1992 সালে প্ল্যান্ড পেরেন্টহুড বনাম কেসি সিদ্ধান্তে রোনাল্ড রেগানের নিয়োজিত প্রজাতান্ত্রিক বিচারপতি স্যান্ড্রা ডে ও'কনর বলেছিলেন যে আদালত "প্রয়োগসাধ্যতার আগে একজন মহিলার গর্ভপাত করাবার অধিকার এবং সেটি রাজ্য থেকে কোনো অযৌক্তিক হস্তক্ষেপ ছাড়া প্রাপ্ত হওয়াকে" স্বীকৃতি দেয়। তিনি আরো নিশ্চিত করেন যে "ভ্রূণের প্রয়োগসাধ্যতার পরে গর্ভপাতকে সীমিত করার ক্ষেত্রে রাজ্যের ক্ষমতা আছে, যদি আইন, এমন গর্ভধারণ যা মহিলার জীবন অথবা স্বাস্থ্য বিপন্ন করে, তার জন্য ব্যতিক্রম উল্লেখ করে"।

মহিলাদের অধিকারের উপর এই আক্রমণের অংশ হিসেবে শ্রী ট্রাম্প এবং তার মিত্ররা ইচ্ছা করে মিথ্যা ছড়াচ্ছেন নিউ ইয়র্কের রিপ্রোডাক্টিভ হেল্থ অ্যাক্ট সম্বন্ধে। তাদের লক্ষ্য হলো আমাদের রাষ্ট্রের সমস্ত আইনি গর্ভপাতকে বন্ধ করা।

রিপ্রোডাক্টিভ হেল্থ অ্যাক্ট গর্ভধারণের 24 সপ্তাহের মধ্যে অথবা যখন ভ্রূণ প্রয়োগসাধ্য হয় না, তখন একজন মহিলাকে গর্ভপাতের অধিকার প্রদান করে, এবং পরে তার অধিকার প্রদান করে শুধু যখন মহিলাটির জীবন বা স্বাস্থ্য বিপন্ন বা ঝুঁকিপূর্ণ হয়। পরিপন্থীরা যাই দাবি করেন তার বিপরীতভাবে, রিপ্রোডাক্টিভ হেল্থ অ্যাক্ট জন্মের কয়েক মিনিট আগে গর্ভপাত করাতে দেয় না, না সেটি "কোনো কারণের জন্য" থার্ড-ট্রাইমেস্টার গর্ভপাতের অনুমোদন দেয়। থার্ড-ট্রাইমেস্টার প্রক্রিয়াগুলি অত্যন্ত বিরল, যা সমস্ত গর্ভপাতের মাত্র 1 শতাংশ। বিকল্পটি উপলব্ধ ঠিক একই কারণে যা রোতে এবং তার পরের কেসে ব্যক্ত করা হয়েছে: একজন মহিলার জীবন এবং স্বাস্থ্য সুরক্ষিত রাখার জন্য।

যদিও নিউ ইয়র্ক একজন মহিলার নির্বাচনের অধিকার সুরক্ষিত করার বিষয়ে পথিকৃত ছিল, আমরা আমাদের আইন আপডেট করিনি রো এর পরে যাতে তা সুপ্রিম কোর্টের প্রতিষ্ঠিত অধিকারের সাথে সামঞ্জস্যপূর্ণ হয়, বিশেষ করে একজন মহিলার তার স্বাস্থ্য সুরক্ষিত রাখার জন্য সিদ্ধান্ত নেবার অধিকারের ক্ষেত্রে। এবং একটি ক্রমবর্ধমান ঝগড়াটে রাজনৈতিক পরিবেশে, একটি অবিরত দুশ্চিন্তা থেকে গেছে যে আদালত রো এর নজির নাকচ করে দেবে।

এই ভয় আরো বেড়ে যায় দুজন চরম-ডানপন্থী বিচারকের নিয়োগের ফলে যারা রো এর স্থাপিত নজিরের বিরোধিতা ব্যক্ত করেছেন, এরা হলেন নিল গর্সুচ এবং ব্রেট কাভানো। সুপ্রিম কোর্টের বেশির ভাগ পর্যবেক্ষকরা মনে করেন প্রশ্নটি এই নয় যে রো বাতিল করা হবে কিনা, প্রশ্ন হলো কখন হবে।

কিছু রাজ্য, যেমন নিউ ইয়র্ক, তাদের নাগরিকদের অধিকার সুরক্ষিত করা অত্যন্ত জরুরি বলে মনে করেন। শ্রী ট্রাম্প এবং ক্যাথলিক গির্জা রাজ্যের কাজের বিরোধিতা করেন যেমন রিপ্রোডাক্টিভ হেল্থ অ্যাক্ট (Reproductive Health Act) - *যদিও তারা শুধু বিদ্যমান ফেডারেল আইনকে এবং দৃঢ়ভাবে প্রতিষ্ঠিত অভ্যাসগুলিকে বিধিবদ্ধ করেন।*

কিন্তু এই আপত্তিগুলি সেই বিরল ক্ষেত্রের জন্য নয় যখন একজন মহিলার গর্ভপাত করছেন তার স্বাস্থ্য ও জীবন সুরক্ষিত রাখার জন্য। এটি শ্রী ট্রাম্প এবং তার ডানপন্থী মিত্রদের গর্ভপাতকে সম্পূর্ণভাবে বেআইনি ঘোষণা করে দেবার আকাঙ্খা সম্বন্ধে। এটা আমেরিকাকে প্রাক-রো সময়ে ফিরিয়ে নিয়ে যাওয়া সম্বন্ধে।

শ্রী ট্রাম্প এবং ধর্মীয় ডানপন্থীরা মিথ্যা ছড়াচ্ছেন নিউ ইয়র্কের আইন সম্বন্ধে তাদের বেসকে প্ররোচিত করতে। চরম ডানপন্থী কর্মীরা এই উপহাসযোগ্য ভ্রান্ত ধারণা প্রচার করে চলেছেন যে এই আইন জন্মের কয়েক মিনিট আগেও গর্ভপাতের অনুমোদন দেবে।

কার্ডিনাল টিমোথি ডালন, নিউ ইয়র্কের আর্চবিশপ, এবং ক্যাথলিক গির্জা পছন্দ-বিরোধী হলেও, বেশির ভাগ আমেরিকানরা, যার অন্তর্ভুক্ত বেশির ভাগ ক্যাথলিকরা, পছন্দের পক্ষে। নিউ ইয়র্কবাসীদের 73 শতাংশ যারা রো সমর্থন করেন তাদের মধ্যে 59 শতাংশ ক্যাথলিক। সরকারগুলি ধর্মীয় শিক্ষার সাথে সামঞ্জস্যপূর্ণ আইন প্রবর্তন করলেও, সরকারগুলি কোনো নির্দিষ্ট ধর্মের সাথে সামঞ্জস্যপূর্ণ আইন পাশ করে না।

আমি ধর্মীয় বিদ্যালয়ে শিক্ষালাভ করেছি, এবং আমি একজন প্রাক্তন অল্টার বয়। আমার রোমান ক্যাথলিক মূল্যবোধ হলো আমার ব্যক্তিগত মূল্যবোধ। আমি আমার জীবনে যে সিদ্ধান্ত নেওয়া স্থির করি অথবা যা আমার কন্যাদের কাউন্সেলিং এর সময় বলি তা আমার ব্যক্তিগত নৈতিক এবং ধর্মীয় বিশ্বাসের উপর ভিত্তি করা।

জাতির প্রতিষ্ঠাতাদের ধন্যবাদ, কোনো নির্বাচিত আধিকারিককে ক্ষমতা প্রদান করা হয়নি ব্যক্তিগত ধর্মীয় বিশ্বাসকে দেশের আইন বানাতে। আমার অফিসের সপথ হলো ইউনাইটেড স্টেটের সংবিধানের (Constitutions of the United States) *প্রতি এবং নিউ ইয়র্ক স্টেটের প্রতি - ক্যাথলিক গির্জার প্রতি নয়। আমার ধর্ম আমার কাছে পক্ষপাতিত্বের দাবি করতে পারে না যখন আমি আমার সর্বজনীন দায়িত্ব করি।*

আমাদের দেশ একাধিকতত্ত্বের ভিত্তিতে প্রতিষ্ঠিত। *ফার্স্ট অ্যামেনডমেন্ট আমাদের সব চেয়ে পবিত্র স্বাধীনতাগুলিকে সংজ্ঞায়িত করে, যার অন্তর্ভুক্ত সংবাদপত্রের স্বাধীনতা, বাক স্বাধীনতা এবং সমাবেশের স্বাধীনতা। কিন্তু যেটি প্রথমে তালিকাভুক্ত সেটি হলো ধর্মীয় স্বাধীনতা। আমাদের প্রকৃত ধর্মীয় স্বাধীনতা থাকতে পারে না গির্জা এবং রাজ্যের মধ্যে পৃথকীকরণ ছাড়া। এবং দেশ কাজ করতে পারে না যদি ধর্মীয় আধিকারিকরা নীতি নির্দিষ্ট করেন নির্বাচিত আধিকারিকদের।*

কেবল সাংবিধানিক কর্তব্যগুলি ধর্মীয় বিশ্বাস থেকে পৃথক করেই আমরা এমন একটি দেশ সৃষ্টি করতে পারি যা সমস্ত মানুষকে তাদের নিজের ধর্মীয় এবং নৈতিক নীতিগুলি অনুসরণ করতে দেয় যা দেশের ধর্মীয় স্বাধীনতার প্রাতিষ্ঠানিক নীতির প্রতি একনিষ্ঠ।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন